

আয়কর পেশাজীবী (আই,টি,পি) নিবন্ধন-২০১৭ এর বিজ্ঞপ্তি।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৭৪ ধারা এবং আয়কর বিধিমালা ১৯৮৪-এর বিধি ৩৭ অনুযায়ী আয়কর পেশাজীবী (আই,টি,পি) হিসেবে রেজিস্ট্রেশনের নিমিত্তে যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। নিবন্ধন কার্যক্রমে অংশগ্রহণেচ্ছ প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও আবেদন করার পদ্ধতি :

শিক্ষাগত যোগ্যতাঃ

দেশে/বিদেশে যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতেঃ

(ক) আইন বিষয়ে ডিগ্রী, অথবা

(খ) কন বিষয়ে ডিগ্রী, অথবা

(গ) হিসাববিজ্ঞান বিষয়সহ বাণিজ্যে ডিগ্রী, অথবা

(ঘ) উচ্চতর অডিটিংসহ ব্যাংকিং বিষয়ে ডিগ্রী, অথবা

(ঙ) ডিপ্লোমা ইন ট্যাকসেশন সহ যেকোন বিষয়ে ডিগ্রী, অথবা

(চ) উচ্চতর অডিটিংসহ ব্যাংকিং ডিপ্লোমা এবং তৎসহ যেকোন বিষয়ে ডিগ্রী।

আবেদন করার পদ্ধতি

আবেদন পত্রের ফরম/ছক জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট (www.nbr.gov.bd) থেকে ডাউনলোড করতে হবে	
পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্র/তথ্যসহ আগামী ৩১/০৩/২০১৭ তারিখের মধ্যে সংযুক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে হাতে হাতে অথবা রেজিস্টার্ড ডাকে (রেজিস্টার্ড ডাকের ক্ষেত্রে আবেদন পত্র ৩১/০৩/২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে) নির্ধারিত ছকে দরখাস্ত করতে হবে।	আবেদনপত্র জমা দেবার ঠিকানা : দ্বিতীয় সচিব (কর-১৫) জরিপ, কর ফাঁকি ও আইটিপি রেজিঃ কক্ষ নং-২০৮, জাতীয় রাজস্ব বোর্ড সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
খামের উপর “আয়কর পেশাজীবী নিবন্ধন পরীক্ষা-২০১৭ এর দরখাস্ত” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে	

৩। লিখিত পরীক্ষার সিলেবাস নিম্নরূপঃ

(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪

(ঘ) দানকর আইন, ১৯৯০

(ছ) বাংলা ও ইংরেজি

(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪

(ঙ) আয়কর আইন, অধ্যাদেশ ও বিধির বাস্তব প্রয়োগ

(গ) অর্থ আইন/অধ্যাদেশ

(চ) হিসাব বিজ্ঞান

(৩ ঘন্টার লিখিত পরীক্ষার পূর্ণমানঃ ১০০ এবং পাস নম্বর : ৪০। মৌখিক পরীক্ষার পূর্ণ মানঃ ৫০ এবং পাস নম্বর : ২০। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ এপ্রিল ২০১৭ এর শেষ সপ্তাহ। নির্ধারিত তারিখ পরবর্তীতে সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে)

৪। দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র/দলিলাদি সংযোজন করতে হবে :

(ক) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপিসহ প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীটের সত্যায়িত কপি;

(খ) বর্তমান পেশা সম্পর্কে প্রার্থীর স্ব-ঘোষণা পত্র;

(গ) কোড নং ১/১১৪১/০০০০/২৬৮১ উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক বা যে কোন ট্রেজারী ব্যাংকে পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিন শত) টাকা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানের মূলকপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে;

(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর দুই কপি সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের ছবি;

(ঙ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও

(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/ভোটার আই,ডি কার্ড (যদি থাকে) এর কপি।

৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং সনদ প্রাপ্তির জন্য বিবেচিত হলে সনদ গ্রহণের পূর্বেই উল্লিখিত চাকরি হতে ইস্তফা দিয়ে ছাড়পত্র জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করতে হবে।

৬। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল যথাসময়ে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ পাওয়া যাবে। এ ছাড়াও উক্ত ফলাফল জাতীয় রাজস্ব বোর্ডের নীচতলা, সেগুনবাগিচাস্থ ২য় ১২তলা সরকারী কার্যভবনের নীচতলা এবং বিসিএস (কর) একাডেমীর নোটিশ বোর্ডে টাঙিয়ে দেয়া হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষার জন্য ইস্যুকৃত প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্যও প্রযোজ্য হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে বিধিবদ্ধ প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করার পর নিবন্ধন সনদ প্রদান করা হবে।

- ৮। অসম্পূর্ণ ও ভুল তথ্যসম্পন্ন দরখাস্ত স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এছাড়া, কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিলের পূর্ণ এখতিয়ার জাতীয় রাজস্ব বোর্ড সংরক্ষণ করে।
- ৯। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

স্বাঃ
(মোহাম্মাদ কামাল হোসেন)
দ্বিতীয় সচিব (কর-১৫)
জরীপ, কর ফাঁকি ও আইটিপি রেজিস্ট্রেশন
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।